# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়: বাসা নং- ৪২ (খাগডহর বাজার), ময়মনসিংহ।
ফোন: ০৯১-৬৩৩৩৭ (অনুসন্ধান)
E-mail: chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd



গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে


স্মারক নং- ৬ষ্ঠ রেজিঃ/২০২৬/১৩৬৯ তারিখঃ ০৫/০২/২০২৬ খ্রি.

বিষয়ঃ ২০২৬ সালের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত নির্দেশাবলী, ফি এবং সময়সূচি অনুযায়ী অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

১। ২০২৬ সালে ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের তথ্য অনলাইনে আপলোড করতে হবে।

২। যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটারসহ ইন্টারনেট সংযোগ নেই তাদের নিকটবর্তী ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে। কোনক্রমেই কোন দোকান/ব্যক্তিগত প্রতিষ্ঠানে রেজিস্ট্রেশন করা যাবে না।

৩। জাতীয় শিক্ষানীতি, ২০১০ অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারি পরীক্ষার্থীর ন্যূনতম বয়স ৯+ বছর এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৫ বছরঃ তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২০ বছর।

৪। প্রত্যেক প্রতিষ্ঠান তার শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করবে এবং কমিটি কর্তৃক প্রদানকৃত শিক্ষার্থীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষর শেষে প্রধান শিক্ষকের অনুমোদনসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে। যে কোন প্রকার ভুলত্রুটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবে।

৫। ১ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি. তারিখে ৬ষ্ঠ শ্রেণির হাজিরা খাতা অনুযায়ী (উপস্থিত/অনুপস্থিত) সকল শিক্ষার্থীর তথ্য রেজিস্ট্রেশনের জন্য প্রদান করতে হবে। রেজিস্ট্রেশনের ক্ষেত্রে শ্রেণি রোলের ধারাবাহিকতা অবশ্যই বজায় রাখতে হবে। ভুলবশতঃ কোন শিক্ষার্থী রেজিস্ট্রেশন থেকে বাদ পড়লে তার জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৬। রেজিস্ট্রেশনের সময় শিক্ষার্থী/অভিভাবকের সক্রিয় মোবাইল নম্বর এন্ট্রি করতে হবে। প্রয়োজন হলে বোর্ড থেকে উক্ত মোবাইল নম্বরে যোগাযোগ করা হবে।

৭। ফি জমাদান ও eSIF পুরণের তারিখ: ০৫/০২/২০২৬ থেকে ২৬/০২/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত।

৮। (ক) ৬ষ্ঠ শ্রেণির জনপ্রতি শিক্ষার্থীর রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরূপঃ

| রেজিস্ট্রেশন | গার্লস গাইড ফি | স্কাউট ফি | রেডক্রিসেন্ট ফি | বিলম্ব ফি | বিলম্ব ফি ব্যতিত মোট ফি | বিলম্ব ফি সহ মোট ফি |
|---|---|---|---|---|---|---|
| ৫০/- | ১৫/- | ২৫/- | ৮/- | ৫০/- | ৯৮/ | ১৪৮/- |

(খ) শিক্ষার্থী প্রতি রেডক্রিসেন্ট ফি আদায় করে আদায়কৃত অর্থের ৬০% অর্থ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে রেখে অবশিষ্ট ৪০% হারে শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে। শিক্ষার্থী প্রতি মোট ফি (বিলম্ব ফি ব্যতীত) ৯৮/- (আটানব্বই) টাকা মাত্র।

৯। শিক্ষার্থীদের নিকট হতে নির্ধারিত ফি-এর বেশি অর্থ কোনক্রমেই আদায় করা যাবে না। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফি শুধুমাত্র সোনালী ব্যাংকে সোনালী সেবার মাধ্যমে অনলাইনে প্রেরণ করতে হবে। কোনক্রমেই টিটি/ডিডি/পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।

১০। নির্ধারিত তারিখের পর নতুন কোন তথ্য আপলোড করা যাবে না। প্রত্যেক প্রতিষ্ঠান রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের হার্ডকপি সংরক্ষণ করবে। পরবর্তীতে উক্ত হার্ডকপির সাথে রেজিস্ট্রেশন কার্ড যাচাই করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন করতে হবে। তবে অনলাইনে তথ্য আপলোড না থাকলে তাকে শিক্ষার্থী বলে গণ্য করা যাবে না।

১১। ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.mymensingheducationboard.gov.bd) বামপাশের মেন্যু থেকে Our Services এ গিয়ে Institute Panel বাটনে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১২। সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক দৈনিক হাজিরাসহ নিজ নিজ ওয়েবসাইটের সকল মেন্যুতে তথ্য হালনাগাদ নিশ্চিত করতে হবে।

১৩। শিক্ষার্থীর নিজের এবং পিতা ও মাতার নামের পূর্বে Mr. Mrs. Mr. Mrs. Miss, Sree, Sreemoti, Advocate, Hazi, Al-haz, Engr, Late, Major, Colonel, Brigadier. Dr. Prol ইত্যাদি ধরনের পদবি এবং নামের শেষে MA. MCOM, MSC, BA, BCOM.. BSC, BSS, BBS, BCS, FRCS, PhD, FCPS, FCA, Master ইত্যাদি ধরনের শিক্ষাগত যোগ্যতাসূচক শব্দ ব্যবহার করা যাবে না।

বি.দ্র. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের তথ্য প্রদানের সময় জন্মনিবন্ধন সনদ এবং পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের সাথে মিল রেখে শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম ও জন্ম তারিখের তথ্য সঠিকভাবে আপলোড করতে হবে। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদ এবং পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রে কোন প্রকার ভুল থাকলে তা সংশোধন করে তথ্য আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাঃ
( ফেরদৌস আহম্মদ ভূইয়া )
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ময়মনসিংহ।

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং- ৬ষ্ঠ রেজিঃ/২০২৬/১৩৬৯

তারিখঃ ০৫/০২/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক মিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩. উপ-পরিচালক, (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৪. উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৫. জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৭. সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৮. অফিস কপি।

ফেরদৌস আহম্মদ 05/02/26
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ